দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUN. 29 1999
পৃষ্ঠা ২ কলাম ৬

475

### ঢাবি সিনেট নির্বাচন

# ঘোষিত ফল সম্পর্কে হাইকোর্টের কারণ দর্শাও নোটিস

সুপ্রীম কোর্ট রিপোর্টার ॥ হাই কোর্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট নির্বাচনের ফল ঘোষণার বৈধতার প্রশ্নে কারণ দর্শাও নোটিস জারি করেছে। কোর্টের আদেশে গত ১৮ জুন ঢাকা

(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## ঘোষিত ফল

(প্রথম পাতার পর)

বিশ্ববিদালয়ের সিনেট নির্বাচনের ফল ঘোষর্ণার আদেশ কেন অবৈধ ও বাতিল বলে ঘোষণা করা হবে না-আগামী দু'সপ্তাহের মধ্যে তার কারণ দর্শাইতে বলা হয়েছে। কোর্ট আগামী ২৮ জুলাই এই কারণ দর্শাও নোটিসের চূড়ান্ত দিন ধার্য করেছে।

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট নির্বাচনের ফল ঘোষণার বৈধতা চ্যালেঞ্জ করে এক রিট মামলা দায়ের করা হয়। সিনেট নির্বাচনে জাতীয়তাবাদী প্যানেলের পরাজিত প্রার্থী ব্যারিস্টার মইনুল হোসেন, সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী, অধ্যাপক মাহবুব উল্লাহ এবং অধ্যাপক মোঃ নুরুল ইসলাম বাদী হয়ে এই রিট মামলা দায়ের করেন।

প্রাথমিক শুনানি শেষে বিচারপতি কেএম হাসান ও বিচারপতি মোহাম্মদ আব্দুল কুদ্দুস সমন্বয়ে গঠিত রিট ডিভিশন বেঞ্চ উপরোক্ত আদেশ দেয়। রিট মামলায় অন্যান্য বক্তব্যের মধ্যে অভিযোগ করা হয় যে ঢাকা বিশ্ববিদ্যালয় বিধি ৪৬-এর ১৬ ও ১৭ ধারা অনুযায়ী সিনেট নির্বাচনে ঢাকার বাইরের কেন্দ্রগুলোর ভোট গণনা স্ব স্ব কেন্দ্রে অনুষ্ঠিত হবে এবং সেখান থেকে ফল নির্বাচন কমিশনকে লিখিতভাবে জানানো হবে। কিন্তু এই নির্বাচনে ঢাকার বাইরের কেন্দ্রগুলোর ভোট গণনা একটি সার্কুলার জারির মাধ্যমে ঢাকায় এনে করা হয়েছে বিতর্কিত পদ্ধতিতে। এর মাধ্যমে নির্বাচন সংক্রান্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধির সুস্পষ্ট লঙ্ঘন করা হয়েছে।

ব্যারিস্টার মইনুল হোসেন নিজেই মামলা পরিচালনা করেন। এ্যাডভোকেট মঞ্জুর কাদের ও হুমায়ুন কবির বুলবুল তাঁকে সহায়তা করেন। ব্যারিস্টার শফিক আহাম্মেদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে বক্তব্য রাখেন।